গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং- বিচার-৪/৫সি-৪/২০১২-২৫৬

তারিখঃ ০৪-০২-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ পটুয়াখালী জেলার রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলা নির্ধারিত অধিক্ষেত্র কলাপাড়া উপজেলা সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতে স্হানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ০৩ জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখের এস,আর, ও নং- ২৩৫ ও ২৩৬ এর মাধ্যমে সরকার যথাক্রমে পটুয়াখলী জেলার রাঙ্গাবালী উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলার স্থানীয় অধিক্ষেত্র উক্ত জেলার গলাচিপা উপজেলা সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালত হতে পরিবর্তন করে রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলার স্থানীয় অধিক্ষেত্র হিসাবে কলাপাড়া সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতকে নির্ধারণ করে।

০২। উপরোক্ত অধিক্ষেত্র নির্ধারণের পরও নির্ধারিত অধিক্ষেত্র কলাপাড়া সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতে রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলা দায়ের না হওয়ায় নানাবিধ আইনগত সমস্যার উদ্ভব হচ্ছে।

০৩। এমতাবস্থায়, রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলা নির্ধারিত অধিক্ষেত্র কলাপাড়া সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরসহ ইতোপূর্বে দায়েরকৃত মামলাসমূহ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪।০২।১৫
(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৪১৬(অঃ)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণঃ

১. জেলা ও দায়রা জজ, পটুয়াখালী।
২. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী।
৩. পুলিশ সুপার, পটুয়াখালী।
৪. সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গলাচিপা/কলাপাড়া।
৫. সিনিয়র সহকারী জজ, গলাচিপা/কলাপাড়া।
৬. সভাপতি, জেলা আইনজীবী সমিতি, পটুয়াখালী।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৮. প্রোগ্রামার আইটি সেল, আইন ও বিচার বিভাগ।